

...

সভাপতি	অজিত কুমার পাল সিনিয়র সহকারী পরিচালক
সভার তারিখ	২২.১১.২০২২
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	আর্কাইভ রুম, ষষ্ঠ তলা, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনাঃ

ইনোভেশন অফিসার ও সভাপতি জনাব অজিত কুমার পাল মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সদস্য জনাব সাধন চন্দ্র সরকার এর নিকট জানতে চান। তিনি জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মপরিকল্পনার আলোকে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজড কৃত সেবা এবং সহজিকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত পূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২। প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন সংক্রান্তঃ

সদস্য জবাব সাধন চন্দ্র সরকার আরও জানান যে, ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগীয় পর্যায়ে ৩ টি ক্যাটাগরিতে ২৪ টি প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। এছাড়া মৎস্য ভবনে ৩ টি কর্মশালা ও ৪ টি প্রশিক্ষণের সংস্থান রয়েছে। এ সকল প্রশিক্ষণ ও কর্মশালা শুরু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিমের সদস্য জনাব তন্ময় কুমার দাশ, সহকারী পরিচালক, ইলিশ ব্যবস্থাপনা শাখা ই নথি সংক্রান্ত প্রশিক্ষণে মাঠ পর্যায়ে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

৩। বিবিধঃ

ইনোভেশন টিম যাতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করে সে বিষয়ে তৎপর থাকতে হবে মর্মে সভায় আলোচনা হয়।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন-

সিদ্ধান্তসমূহঃ

- ১। সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের প্রশিক্ষণ ও কর্মশালা সমূহ দ্রুত শুরু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের উপযুক্ত স্থান নির্বাচনপূর্বক পরিদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



অজিত কুমার পাল
সিনিয়র সহকারী পরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৬৯

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯

০৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক-১, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর
- ২) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
- ৩) সহকারী পরিচালক, ইলিশ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তর
- ৪) ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর- মহাপরিচালক মহোদয়কে অবগত করণের অনুরোধ সহ



অজিত কুমার পাল
সিনিয়র সহকারী পরিচালক